

দৈনিক দিনকাল

০৯/০৬/০৫ই

ঢাকা মঙ্গলবার ২৫ শ্রাবণ ১৪১২ বাংলা

শিক্ষিত বেকার যুবকদের স্বকর্ম সংস্থানের ক্ষেত্রে নিজেরই উদ্যোগী হতে হবে : অধ্যাপক মোজাফফর আহমেদ

বে সরকারি স্বেচ্ছাসেবী উন্নয়ন সংস্থা যুব কর্মসংস্থান সোসাইটি (যুবক)-এর উদ্যোগে ওসমানী স্মৃতি মিলনায়তনে দু' দিনব্যাপী জব ফেয়ার গতকাল সোমবার দ্বিতীয় দিনের প্রথম সেশনে অনুষ্ঠিত 'উন্নয়নের জন্য প্রয়োজন সবার উপযোগী কর্মসংস্থান' শীর্ষক সেমিনারে সভাপতির বক্তব্যে অর্থনীতিবিদ অধ্যাপক মোজাফফর আহমেদ বলেন, স্থায়ী উন্নয়নের জন্য মৌলিক শিল্পখাত বিকাশের বিকল্প নেই। এছাড়া কাজের সামাজিক ধারণা পরিবর্তন প্রয়োজন। শুধুমাত্র চাকরি নয়, শিক্ষিত বেকার যুবকদের স্বকর্ম সংস্থানের ক্ষেত্রে নিজেরই উদ্যোগী হতে হবে। দৃষ্টিভঙ্গির পরিবর্তন করতে হবে। তিনি আরো বলেন, কমিউনিটি ফান্ড গঠনের মাধ্যমে সমাজের বেকার জনগোষ্ঠীকে স্বল্প পুঁজি প্রদান করে সহযোগিতা করা যায়। এ ছাড়া তথ্যগত শূন্যতায় সমন্বয় করে বা ক্ষুদ্র ক্ষুদ্র প্রয়াসের মাধ্যমেও কর্মসংস্থানের সুযোগ করে নেয়া যায়।

সেমিনারে আলোচক হিসাবে উপস্থিত

১১-এর পৃ: ৩-এর ক: দেখুন

ছিলেন সৈয়দ মোয়াজ্জেম হোসেন আলাল এমপি, বাংলাদেশ অর্থনীতি সমিতির সাধারণ সম্পাদক ড. আবুল বারাকাত, ঢাকা বিশ্ববিদ্যালয়ের মার্কেটিং বিভাগের অধ্যাপক ড. মীজানুর রহমান, রাজনীতিক রুহিন হোসেন প্রিন্স, বিডি জবস-এর প্রধান নির্বাহী কর্মকর্তা একেএম ফাহিম মার্শরুর প্রমুখ। সেমিনারে মূল প্রবন্ধ উপস্থাপন করেন উন্নয়ন অন্বেষণের ইনোভেটর মনোয়ার মোস্তফা। স্বাগত বক্তব্য রাখেন শ্রম ফেয়ার কমিটির চেয়ারম্যান ও যুব কর্মসংস্থান সোসাইটি (যুবক)-এর নির্বাহী পরিচালক হোসাইন আল মাসুম।

সেমিনারে বক্তারা বলেন, প্রযুক্তিগত উন্নয়ন ও সামাজিক খাতে সরকারি বিনিয়োগ বৃদ্ধির মধ্য দিয়ে উৎপাদনশীলতা বাড়ানোর উদ্যোগ একান্ত জরুরি। আর্থ-সামাজিক চাহিদা অনুযায়ী শিক্ষা ব্যবস্থাকে ঢেলে সাজানো এখন সময়ের দাবি। বিশ্বায়নের যুগে বিপণন ব্যবস্থা আধুনিক না হওয়ায় ক্ষুদ্র উদ্যোগগুলো মুখ খুবড়ে পড়ছে। বিনিয়োগের অনুকূল পরিবেশ, প্রয়োজনীয় অবকাঠামোগত উন্নয়ন, বিনিয়োগের ক্ষেত্রে আইনসহ বিভিন্ন ক্ষেত্রে নীতি নির্ধারকদের পুনরায় ভাবতে হবে। সর্বোপরি বেকারত্ব বা প্রচলিত বেকারত্ব কোন নির্দিষ্ট বিস্তারিত জনগোষ্ঠীর সমস্যা নয়, সমাজের সকল শ্রেণীর বেকার জনগোষ্ঠীকে কর্মসংস্থানের আওতায় আনা সম্ভব হলে জাতীয় উন্নয়ন সম্ভব হবে।

জব ফেয়ার এর দ্বিতীয় সেশনে অনুষ্ঠিতব্য সমাপনী অনুষ্ঠানে অর্থ ও পরিকল্পনা প্রতিমন্ত্রী শাহ মোহাম্মদ আবুল হোসাইন বাছাইকৃতদের হাতে নিয়োগপত্র প্রদান করেন।